২০১৭-২০১৮ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়বিভাগ ভিত্তিক/ সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসি এফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) -সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
০১	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	০২	০২	-	-	২	-	-	২	-

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ২

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: (১) ক্রয় কার্যক্রমে দীর্ঘসূত্রীতা ; (২) সময়মত প্রকল্পের বিপরীতে অর্থায়ন না পাওয়া ; (৩) প্রকল্প গ্রহণের সময় সুদুঢ় প্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যৎ প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। এতে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায় ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
৩.১	ল্যাবরেটরির মূল্যবান বৈজ্ঞানিক যন্ত্রপাতিসমূহ স্থাপনের জন্য দ্রুত ল্যাবরেটরি ফার্নিচার এবং অনুষাঙ্গিক যন্ত্রপাতি ক্রয়ের ব্যবস্থা করতে হবে। প্রকল্পের বাস্তবায়ন পরবর্তী ইনস্টিটিউট সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অফিসিয়াল আসবাবপত্র ক্রয়ের ব্যবস্থা করতে হবে।	৩.১	ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় প্রকল্পের মালামাল ও যন্ত্রপাতি প্রকল্প সমাপ্তির পূর্বেই টিওএন্ডই ভুক্ত করার কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩.২	এ ইনষ্টিটিউটে স্থাপিত অত্যন্ত সফিসটিকেটেড ও বিশেষায়িত যন্ত্রপাতির লগবুক , নমুনা রেজিস্টার , দর্শনার্থী রেজিস্টার ইত্যাদি সংরক্ষণ করতে হবে। প্রকল্পের অধীনে অর্জিত সম্পদ যথাযথভাবে সম্পদ রেজিস্টার- এ লিপিবদ্ধ করে ট্যাগিং করতে হবে।	৩.২	এ ইনষ্টিটিউটে স্থাপিত অত্যন্ত সফিসটিকেটেড ও বিশেষায়িত যন্ত্রপাতির লগবুক , নমুনা রেজিস্টার, দর্শনার্থী রেজিস্টার ইত্যাদি এবং অর্জিত সম্পদ যথাযথভাবে ট্যাগিং করেসম্পদ রেজিস্টার প্রশাসনিক দপ্তরে জমা প্রদাপূর্বক সংরক্ষণকরতে হবে।
৩.৩	পরিবেশগত বিষয়সমূহ, পরিবেশ বিপর্যয় ও জলবায়ু পরিবর্তনের কারণ ও ক্ষেত্র নির্ণয়, এবং গবেষণালব্ধ জ্ঞান ব্যবহার করে সামুদ্রিক সম্পদ আহরণ করা ও উক্ত সম্পদ দেশের আর্থসামাজিক উন্নয়নে এই ইনস্টিটিউটের কার্যকরী ব্যবহার নিশ্চিত করতে হবে।	৩.৩	পরিবেশ অধিদপ্তরের নির্দেশ অনুসারে পরিবেশ বিপর্যয় ও জলবায়ু পরিবর্তনের বিষয়ে প্রয়োজনীয় পর্যালোচনাপূর্বক প্রকল্প গ্রহণ করতে হবে।
৩.৪	ইনস্টিটিউটের জন্য রাজস্ব খাতে পদ সৃজনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে৫১ জন জ নবলেরপ্রশাসনিক মঞ্জুরিপাওয়া গেছে ।পদসমূহের অনুমোদন সিদ্ধান্ত পাওয়া	৩.৪	প্রকল্প সমাপ্তির পূর্বেই স্থায়ী জনবল নিয়োগের জন্য অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রকল্প পরিচালকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
	যাওয়ায় সে অনুযায়ী কর্মকর্তা /কর্মচারী নিয়োগ ও পদায়নের কাজ ত্বরান্বিত করার জন্য প্রশাসনিক মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, পরমাণু শক্তি কমিশনের দৃষ্টি আকর্ষণ করা হলো।		হবে।
৩.৫	সরকারের নব প্রতিষ্ঠিত ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্সে প্রাপ্ত সেবা ও সুবিধা সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করাসহ নিজস্ব 'ওয়েবসাইট' প্রণয়ন ও চালু এবং বহুল প্রচারের (বাংলা ও ইংরেজিতে লিফলেট প্রণয়ন , বিভিন্ন ইলেকট্রনিক্স মিডিয়ায় প্রচার ইত্যাদি) ব্যবস্থা গ্রহণ করতে হবে।	৩.৫	প্রকল্পের সুবিধা ও কার্যক্রম বিষয়ে জনসাধারণকে অবহিত করার জন্য প্রচার প্রচারনা ও সংশ্লিষ্ট ওয়েব -সাইটে প্রকাশ করতে হবে।
৩.৬	ক্রয়কৃত যন্ত্রপাতি ও অন্যান্য মালামালের সঠিক সংরক্ষনের জন্য লগবুক, সম্পদ রেজিষ্ট্রার ও দর্শনার্থী রেজিষ্ট্রার চলমান রাখতে হবেএবং যন্ত্রের ও আসবাবপত্রের গাঁয়ে ট্যাগিং নাম্বার দিতে হবে।	৩.৬	প্রকল্পের আওতায় সংগ্রহীত বৈজ্ঞানিক যন্ত্রপাতি , অফিস সরঞ্জাম ও আসবাবপত্রের একটি সম্পদ রেজিষ্টার বহিতে লিপিবদ্ধ করতে হবে।

নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স ইনস্টিটিউট স্থাপন শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত : জুন, ২০১৮)

১. প্রকল্পের নাম : নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স ইনস্টিটিউট স্থাপন প্রকল্প

২. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশপরমাণুশক্তি কমিশন

৩. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিজ্ঞানও প্রযুক্তি মন্ত্রণালয়

৪. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : (লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	মূল ব্যয়ের হ্রাস/ বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫৭১০.০০	৬৩৪৪.০০	৬১৮৯.৬৩	সেপ্টেম্বর ২০১৩ খ্রি. হতে জুন ২০১৭ খ্রি.	সেপ্টেম্বর ২০১৩ খ্রি. হতে জুন ২০১৮ খ্রি.	সেপ্টেম্বর ২০১৩ খ্রি. হতে জুন ২০১৮ খ্রি.	৪৭৯.৬৩ (৮.৪০%)	১ বছর (২৫%)

৫ ক্রমপুঞ্জিত অগ্রগতি : ৬১৮৯.৬৩ লক্ষ টাকা যা বরাদ্দের ৯৭.৫৭% |

৬. প্রকল্পের পটভূমি :

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর এক পরিসংখ্যানে দেখা যায় যে, বাংলাদেশে প্রায় ১০ লক্ষ ক্যান্সার রোগী রয়েছে এবং প্রতি বৎসর ২ লক্ষ নতুন রোগী এর সাথে যুক্ত হচ্ছে। বৎসরে প্রায় ১.৫ লক্ষ রোগী ক্যান্সারে আক্রান্ত হয়ে মারা যাচ্ছে। ক্যান্সার রোগ নিণ য়ে ব্যবহৃত যন্ত্রপাতি ইনস্টলেশন , ক্যালিব্রেশন, পরিচালনা, যথাযথ রেডিয়েশন ডোজ নিরুপণ -পরিমাপণ ও রোগী ব্যবস্থাপনায় মেডি কেল ফিজিসিস্টগণ কাজ করে থাকেন। বত মানে যুক্তরাষ্ট্রে প্রায় ৩০০০ জন, চীনে ৩৩০০ জন, জাপানে ৬৯৫ জন এবং ভারতে ৬০০ জন 'কোয়ালিফাইড মেডিকেল ফিজিসিস্ট ' হাসপাতালে কাজ করছেন। কিন্ত বাংলাদেশে এই ধরণের উপযুক্ত মেডিকেল ফিজিসিস্ট প্রয়োজেনের তুলনায় নেই বললেই চলে। এ দেশে ক্যান্সার রোগীদের সেবা প্রদানের জন্য মুখ্য ভূমিকা পালনকারী 'কোয়ালিফাইড মেডিকেল ফিজিসিস্ট' এর সংখ্যা অতি নগন্য। অপরদিকে উপযুক্ত ইনস্টিটিউট ও ল্যাবরেটরী না থাকায় কোয়ালিফাইড মেডিকেল ফিজিসিস্ট তৈরিও তেমন হচ্ছে না। যেসব মেডিকেল ফিজিসিস্ট হাসপাতালে কাজ করেন তাঁ দের সকলেই যথেষ্ট দক্ষ ও প্রশিক্ষিত নন। উন্নততর ক্যান্সার চিকিৎসা ব্যবস্থাপনায় মেডিকেল ফিজিক্স প্রফেশনালদের এই ব্যাপক চাহিদা বিবেচনায় সম্পূণ জিওবি অর্থায়নে সরকারের বার্ষিক উন্নয়ন কম সূচীর আওতায় জনস্বার্থে বাংলাদেশে এই প্রথম নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স ইনস্টি টিউট প্রতিষ্ঠা করা হয়েছে।

৭. প্রকল্পের উদ্দেশ্য : প্রকল্পের মূল উদ্দেশ্যসমূহ নিম্নরূপ :

- দেশের পরমাণু চিকিৎসা এবং বিকিরণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে প্রশিক্ষণ , গবেষণা ও সেবা প্রদানে সহায়তাকরণের জন্য ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স স্থাপন;
- গবেষণাগার সুবিধা প্রদান ও বাস্তব প্রশিক্ষণের মাধ্যমে যোগ্যতাসম্পন্ন মেডিকেল ফিজিসিস্ট এবং নিউক্লিয়ার মেডিসিন টেকনোলজিস্ট/রেডিওগ্রাফার তৈরি;
- পরমাণু চিকিৎসা প্রযুক্তির বিষয়ে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা;

- বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে এমফিল, পিএইচডি ও পোস্ট ডক্টরাল পর্যায়ে যৌথ গবেষণা পরিচালনা; এবং
- প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ ও যোগ্য মেডিকেল ফিজিসিস্ট বিদেশে প্রেরণ করে বৈদেশিক মুদ্রা আয়।

৮. প্রকল্প অনুমোদন ও সংশোধন :

প্রকল্পটি ৫৭১০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সেপ্টেম্বর, ২০১৩ হতে জুন, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য ৫ নভেম্বর, ২০১৩ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়হতে ০১/১১/১৫ তারিখেব্যয় বৃদ্ধির সাপেক্ষে সেপ্টেম্বর, ২০১৩ হতে জুন, ২০১৭ পযর্ন্ত ৬২৩০.০০ লক্ষ টাকা নিধারিত ব্যয়ে ১ম সংশোধনী করা হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যাতিরেকে সেপ্টেম্বর, ২০১৩ হতে জুন, ২০১৮ পযর্ন্ত অর্থাৎ ১ (এক) বছর মেয়াদ বৃদ্ধি করা হয়। সর্বশেষে ০৩/১২/১৭ তারিখেসেপ্টেম্বর, ২০১৩ হতে জুন, ২০১৮ পর্যন্ত মেয়াদকালীন সময়ের জন্য আন্ত:খাত সমন্বয় করা হয়।

৯. প্রকল্পের অর্থায়ন : এডিপি/আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত সার্বিক অগ্রগতি

(লক্ষ টাকায়)

অর্থ বছর	আরএডিপি বরাদ্দ		প্রকৃত ব্যয়/অগ্রগতি			
	টাকা	বাস্তব লক্ষ্যমাত্রা	মোট ব্যয়	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব %
২০১৩-১৪	৫০.০০	০.৮১%	৫০.০০	৫০.০০		০.৮১%
২০১৪-১৫	১৩০.০০	২.০৯%	১৩০.০০	১৩০.০০		২.০৯%
২০১৫-১৬	১৫০৪.০০	২৪.৮%	১৫০৪.০০	১৫০৪.০০		২৪.২২%
২০১৬-১৭	৪০৭৭.০০	৬৫.৬৫%	৪০৭৬.৩০	৪০৭৬.৩০		৬৫.৬৬%
২০১৭-১৮	৪৪৯.০০	৭.২৩%	৪৪৮.৬৭	৪২৯.৩৩		৭.২২%
মোট:	**৬২১০.০০**	**১০০%**		**৬১৮৯.৬৩**		**১০০%**

১০. প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:

(লক্ষ টাকায়)

কাজের আইটেম (ডিপিপি অনুসারে)	একক	লক্ষ্যমাত্রা (পিপি অনুসারে)		বাস্তব অগ্রগতি		বিচ্যুতির কারণ (+)
		আথিক	ভৌত (পরিমান)	আথিক	ভৌত (পরিমান)	
১	২	৩	৪	৫	৬	৭
(ক) রাজস্ব খাত						
৪৭০০: ভাতাদি	জন	১২.৫৮	৩	১২.৫৮	৩	
৪৮০০: সরবরাহ ও সেবা	থোক	৪৭২.০৯	থোক	৪৭২.০৯	থোক	-
৪৯০০: মেরামত ও সংরক্ষণ	থোক	১০.০০	থোক	১০.০০	থোক	-
উপমোট (ক)	**থোক**	**৪৯৪.৬৭**	**-**	**৪৯৪.৬৭**	**থোক**	**-**
(খ) মূলধন খাত						
৬৮০০: সম্পদ সংগ্রহ						-

কাজের আইটেম (ডিপিপি অনুসারে)	একক	লক্ষ্যমাত্রা (পিপি অনুসারে)		বাস্তব অগ্রগতি		বিচ্যুতির কারণ (+)
		আর্থিক	ভৌত (পরিমান)	আর্থিক	ভৌত (পরিমান)	
১	২	৩	৪	৫	৬	৭
বৈদেশিক যন্ত্রপাতি	সংখ্যা/ইউনিট	৩৪৭৯.০০	২৩	৩৪৭৯.০০	২৩	
স্থানীয় যন্ত্রপাতি	সংখ্যা/ইউনিট	১৪৮.৬৫	১০২	১৪৫.৪৩	১০২	
আসবাবপএ	সংখ্যা	৭৩.৭০	৩৯৩	৭৩.৫০	৩৯৩	
যানবাহন	সংখ্যা	৩৫.০০	১	৩৫.০০	১	
৭০০৬: পূর্ত কাজ ৬৮২৭, ৭০৫৬, ৭০৮১, ৬৮৫৩, ৭০১৬, ৭০৪৬: অন্যান্য পূর্ত কাজ	বর্গমিটার	১২১৬.০৮ ৬৯৪.৯০	২৮৯৭	১২১৬.০৮ ৬৯৪.৭৯	২৮৯৭ -	-
৭৯০০: ইম্পোর্ট ডিউটি এন্ড ভ্যাট	থোক	২০২.০০		৫১.১৬	থোক	-
উপমোট (খ)		**৫৮৪৯.৩৩**		**৫৬৯৪.৯৬**		**-**
সর্বমোট (ক+খ)		**৬৩৪৪.০০**	**-**	**৬১৮৯.৬৩**		**-**

১১. কোন অঙ্গের বাস্তবায়ন অসম্পূর্ণ আছে কিনা : প্রযোজ্য নয়।

১২. প্রকল্পের ক্রয় কার্যক্রম:

(লক্ষ টাকায়)

কাজের নাম	দরপত্র মূল্য		দরপত্র		কার্য সম্পাদনের তারিখ	
	আরডিপিপি অনুযায়ী	চুক্তি মূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুসারে	প্রকৃত
মাইক্রোবাস	৩৫.০০	৩৪.৯৯৫	২১/০২/১৪	২২/০৪/১৪	০৭/০৬/১৪	২৬/০৫/১৪
কনসালটেন্সি/প্রকৌশল পরামর্শকদের জন্য পরামর্শক সেবা	৬.৯৩	৬.৯৩	১০/০৩/১৪	১৯/০৬/১৪	৩০/১০/১৪	১৬/০২/১৫
পূর্ত কাজ	১২১৬.০৮	১৬৪৭.০৭৫	২৭/১১/১৪	২৮/০১/১৫	২৮/০৭/১৬	৩০/০৮/১৬
অন্যান্য পূর্ত কাজ	৬৯৪.৯০					
Linear Accelerator (Linac) with accessories	১২২৬.৯১	১৫১৮৫০০.০০ ইউ. এস. ড	৩১/০৩/১৬	২৪/০৮/১৬	৩০/০৩/১৭	০৯/০৩/১৭
Nuclear TOF-PET with faster	১৮৮৫.৭৮	২২৮৮৫০০.০০	২২/০৮/১৬	২৭/১২/১৬	০৭/১১/১৭	০৭/১১/১৭

কাজের নাম	দরপত্র মূল্য		দরপত্র		কার্য সম্পাদনের তারিখ	
	আরডিপিপি অনুযায়ী	চুক্তি মূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুসারে	প্রকৃত
scintillators		ইউ. এস. ড				
X-ray & gamma Survey Meter	১.৫০	১.৫০	০৮/০৯/১৬	০৫/১২/১৬	০৪/০৫/১৭	২৩/৪/১৭
Beta-gamma Survey Meter	১.৫০	১.৫০	০৮/০৯/১৬	০৫/১২/১৬	০৪/০৫/১৭	২৩/৪/১৭
Contamination Monitor	১.৫০	১.৫০	০৮/০৯/১৬	০৫/১২/১৬	০৪/০৫/১৭	২৩/৪/১৭
Pocket Dosimeter	০.৭০	০.৭০	০৮/০৯/১৬	০৫/১২/১৬	০৪/০৫/১৭	২৩/৪/১৭
Fume Hood	৩.০০	৩.০০	০২/০২/১৬	২৪/২/১৬	২৩/০৩/১৬	০৮/০৩/১৬
Isotope Dispensing system	৩.০০	৩.০০	২৫/৪/১৬	০৮/০৬/১৬	২২/০৬/১৬	১২/৬/১৬
Syringe Shield	৪.৭০	৪.৭০	২৫/৪/১৬	০৮/০৬/১৬	২২/০৬/১৬	১২/৬/১৬
Dehumidifier	১.৭৫	১.৭৫	২৫/৪/১৬	০৮/০৬/১৬	২২/০৬/১৬	১২/৬/১৬
Oscilloscope	৩.৩০	৩.৩০	২৫/৪/১৬	০৮/০৬/১৬	২২/০৬/১৬	১২/৬/১৬
Servicing Kit	৬.৫০	৬.৫০	২৫/৪/১৬	০৮/০৬/১৬	২২/০৬/১৬	১২/৬/১৬
Tools Kit	২.০০	২.০০	০২/০২/১৬	২৪/২/১৬	২৩/০৩/১৬	০৮/০৩/১৬
Lead Apron	১.৫০	১.৫০	২৫/৪/১৬	০৮/০৬/১৬	২২/০৬/১৬	১২/৬/১৬
Safety container for dispensing room	৪.০০	৪.০০	২৫/৪/১৬	০৮/০৬/১৬	২২/০৬/১৬	১২/৬/১৬
Isotopes and Kit	৬৯.০০	৬৯.০০	২৫/০৭/১৭	১৯/১০/১৭		১৮/১১/১৭
Computer	১৩.০০	১৩.০০	১৩/০২/১৭	০৭/০৫/১৭	২১/০৫/১৭	২০/০৫/১৭
Colour Printer	০.৫০	০.৫০	০৯/০২/১৬	২৩/০২/১৬	২২/০৩/১৬	২৮/০২/১৬
Computer Printer	১.২০	১.২০	০৯/০২/১৬	২৩/০২/১৬	২২/০৩/১৬	২৮/০২/১৬
Heavy duty Photo Copier (Digital)	৯.৯০	৯.৯০	১৩/০২/১৭	০৭/০৫/১৭	২১/০৫/১৭	২০/০৫/১৭

কাজের নাম	দরপত্র মূল্য		দরপত্র		কার্য সম্পাদনের তারিখ	
	আরডিপিপি অনুযায়ী	চুক্তি মূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুসারে	প্রকৃত
Fax Machine	০.৩০	০.৩০	০৯/০২/১৬	২৩/০২/১৬	২২/০৩/১৬	২৮/০২/১৬
Scanner	০.৩০	০.৩০	০৯/০২/১৬	২৩/০২/১৬	২২/০৩/১৬	২৮/০২/১৬
Telephone line with set	১.০০	১.০০	২০/১০/১৬	০৩/১১/১৬	১৭/১১/১৬	১৭/১১/১৭
Computer server & Network system	১০.০০	১০.০০	২৫/০৭/১৭	১২/০৯/১৭	২৬/০৯/১৭	২৪/০৯/১৭
Multimedia Projector with screen	৪.০০	৪.০০	২০/১০/১৬	০৩/১১/১৬	১৭/১১/১৬	১৭/১১/১৭
Intercom line system	২.৮০	২.৮০	০৯/০৭/১৭	২০/০৭/১৭	০৬/০৮/১৭	০৬/০৮/১৭
P.A. System	২.০০	২.০০	০৯/০৭/১৭	২০/০৭/১৭	০৬/০৮/১৭	০৬/০৮/১৭
Digital Camera	০.৩০	০.৩০	০৯/০৪/১৪	২০/৪/১৪	০৪/০৫/১৪	০৪.০৫.১৪
Tablet Computer	১.০০	১.০০	০৯/০২/১৬	২৩/০২/১৬	২২/০৩/১৬	২৮/০২/১৬
Laptop	৩.৬০	৩.৬০	১৩/০২/১৭	০৭/০৫/১৭	২১/০৫/১৭	২০/০৫/১৭
Lab Table	১০.০০	১০.০০	০২/১০/১৬	২০/১১/১৬	০৪/১২/১৬	২৭/১১/১৬
Table	৪.৫০	৪.৫০	২৩/০২/১৬	০৬/০৩/১৬	০৫/০৪/১৬	১০/০৩/১৬
Chair (Sitting)	৯.০০	৯.০০	২৬/০৪/১৬	০৯/০৬/১৬	২৩/০৬/১৬	১৪/০৬/১৬
Chair (Front)	৮.০০	৮.০০	১৩/০২/১৭	০৭/০৫/১৭	২১/০৫/১৭	২০/০৫/১৭
Conference Table	২.০০	২.০০	২২/০২/১৬	০৩/০৩/১৬	০৩/০৪/১৬	১০/০৩/১৬
Conference Chair	৭.২০	৭.২০	০২/১০/১৬	২০/১১/১৬	০৪/১২/১৬	২৭/১১/১৬
Isotope Dispensing Trolley	০.২০	০.২০	২৩/০২/১৬	০৬/০৩/১৬	০৫/০৪/১৬	১০/০৩/১৬
File Cabinet	১২.০০	১২.০০	০২/১০/১৬	২০/১১/১৬	০৪/১২/১৬	২৭/১১/১৬
Injection & Examination Bed	০.২০	০.২০	০৯/০২/১৬	২৩/০২/১৬	২২/০৩/১৬	২৮/০২/১৬
Rack	৫.০০	৫.০০	০৮/০২/১৬	২৩/০২/১৬	২২/০৩/১৬	২৮/০২/১৬

কাজের নাম	দরপত্র মূল্য		দরপত্র		কার্য সম্পাদনের তারিখ	
	আরডিপিপি অনুযায়ী	চুক্তি মূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুসারে	প্রকৃত
Almirrah	৯.০০	৯.০০	২৬/০৪/১৬	০৯/০৬/১৬	২৩/০৬/১৬	১৪/০৬/১৬
Computer table & Chair	৩.৬০	৩.৬০	২২/০২/১৬	০৩/০৩/১৬	০৩/০৪/১৬	১০/০৩/১৬
Bookshelf	৩.০০	৩.০০	০৯/০২/১৬	২৩/০২/১৬	২২/০৩/১৬	২৮/০২/১৬

১৩. প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ করা হয়েছে।

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী	পরিদর্শন তারিখ
১। মোঃ রফিকুল ইসলাম, মহাপরিচালক	২৯/০৮/২০১৭
২। মোঃ আকমল হোসেন, পরিচালক	৯/১১/২০১৪
৩। এ.এন.এম. রোকন উদ্দিন, পরিচালক	১৯/০৩/২০১৫
৪। মোঃ ইব্রাহিম খলিল, সহকারী পরিচালক	০৭/১২/২০১৫
৫। কাজী দেলোয়ার হোসেন, পরিচালক	১৫/০১/২০১৭
৬। মোঃ শফিউর রহমান, সহকারী পরিচালক	১৯/০৩/২০১৫

১৪. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নাম ও পদবী	পূর্ণকালীন / খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মেয়াদকাল
ড এম মঞ্জুর আহসান প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক	পূর্ণকালীন অতিরিক্ত দায়িত্ব	৩১/১২/২০১৩	-	৩১/১২/২০১৩ হতে ৩০/০৬/২০১৮

১৫. অডিট সংক্রান্ত :

নিরীক্ষাকাল	নিরীক্ষা প্রতিবেদন জমার তারিখ	প্রধান তথ্যসমূহ/আপত্তিসমূহ	আপত্তি নিরসন হয়েছে কি-না
১	২	৩	৪
২০১৩-১৪	০৮/১২/২০১৪	১। কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার ইত্যাদি আইটি যন্ত্রাংশ ক্রয়ে অনিয়ম।	• আপত্তি নিষ্পত্তি করা হয়েছে।

নিরীক্ষাকাল	নিরীক্ষা প্রতিবেদন জমার তারিখ	প্রধান তথ্যসমূহ/আপত্তিসমূহ	আপত্তি নিরসন হয়েছে কি-না
১	২	৩	৪
২০১৪-১৫	১০/১১/২০১৫	১। জমাকৃত টাকার সুদের অর্থ সরকারী কোষাগারে জমা না করা। ২। অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমা না করা।	• নিরীক্ষা দলের মতামত অনুযায়ী পদক্ষেপ নেওয়া হয়েছে। • প্রমাণকসহ আপত্তি নিষ্পত্তির জন্য জবাব প্রেরণ করা হয়েছে।
২০১৫-১৬	০৭/০৯/২০১৬	১। নির্ধারিত হারে আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি। ২। সিডিউল বিক্রয়ের অর্থ সরকারী কোষাগারে জমা না করা।	• নিরীক্ষা দলের মতামত অনুযায়ী পদক্ষেপ নেওয়া হয়েছে। • প্রমাণকসহ আপত্তি নিষ্পত্তির জন্য জবাব প্রেরণ করা হয়েছে।
২০১৬-১৭	২১/০১/২০১৮	১। সিডিউল বিক্রয়ের অর্থ সরকারী কোষাগারে জমা না করা। ২। নির্ধারিত হার অপেক্ষা আয়কর কম কর্তন। ৩। ব্যাংক সুদ বাবদ অর্থ জমা না করা। ৪। নির্ধারিত হারে ভ্যাট কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি।	• নিরীক্ষা দলের মতামত অনুযায়ী পদক্ষেপ নেওয়া হয়েছে। • প্রমাণকসহ আপত্তি নিষ্পত্তির জন্য জবাব প্রেরণ করা হয়েছে।
২০১৭-১৮	-	-	-

১৬. প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

আরডিপিপি অনুযায়ী লক্ষ্য	প্রকৃত অর্জন
প্রকল্পের লক্ষ্য সমুহ:	
• দেশের পরমাণু চিকিৎসা এবং বিকিরণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে প্রশিক্ষণ, গবেষণা ও সেবা প্রদানে সহায়তাকরণের জন্য ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স স্থাপন;	• ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স (আইএনএমপি) নিজস্ব ভবনে ও মেশিনের সাহায্যে সুপরিচিত ও অভিজ্ঞ ক্যান্সার চিকিৎসক এবং মেডিকেল ফিজি সিস্টদের সমন্বয়ে আধুনি ক প্রশিক্ষন কর্মসূচির আয়োজন করে। মেডিকেল ফিজি সিস্ট এর নানাবিধ বিষয়ের উপর ২২টি প্রবন্ধ সেমিনার এ আলোচিত হয় যা মানব সম্পদ উন্নয়নে গুরুত্বপূণ ভূমিকা রাখবে।
• গবেষণাগার সুবিধা প্রদান ও বাস্তব প্রশিক্ষণের মাধ্যমে যোগ্যতাসম্পন্ন মেডিকেল ফিজিসিস্ট এবং নিউক্লিয়ার মেডিসিন টেকনোলজিস্ট /রেডিওগ্রাফার তৈরি;	• পরমানু প্রযুক্তিতে ব্যবহারিক জ্ঞান ও প্রশিক্ষনের মাধ্যমে দক্ষ মেডিকেল ফিজি সিস্ট এবং নিউক্লিয়ার টেকনোলজিস্ট তৈরীর লক্ষে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স মাসব্যাপী প্রশিক্ষন কর্মশালার আয়োজন করে।
• পরমাণু চিকিৎসা প্রযুক্তির বিষয়ে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা;	• বিভিন্ন ইনস্টিটিউটের ৪৭ জন প্রশিক্ষনাথী আইএনএমপি কতৃ ক আয়োজিত প্রশিক্ষন কর্মশালায় ক্যান্সার চিকি ৎসা বিষয়ে ব্যবহারিক জ্ঞান লাভ করেছেন।
• বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে এমফিল , পিএইচডি ও পোস্ট ডক্ট রাল পর্যায়ে যৌথ গবেষণা পরিচালনা ; এবং	• মেডিকেল ফিজিক্স বিষয়ে গবেষনা চলমান রয়েছে। ৩০টি গবেষনাপএ বিভিন্ন জাতীয় ও আন্তজাতিক জানালে প্রকাশিত হয়েছে। • বিশ্ববিদ্যালয়ের মাস্টাস পযা য়ের ২ জন ছাএ তাদের থিসিস কাজে ইনস্টিটিউটের ফ্যাসিলিটিস ব্যবহার করছেন।

আরডিপিপি অনুযায়ী লক্ষ্য	প্রকৃত অর্জন
	• Thermo Luminescence Dosimeters (TLDs)-কে বিকিরণের সাহায্যে expose করে বিকিরণের মাত্রা নিরূপনের কাজ চলছে।
• প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ ও যোগ্য মেডিকেল ফিজিসিস্ট বিদেশে প্রেরণ করে বৈদেশিক মুদ্রা আয়।	• দক্ষ মেডিকেল ফিজিসিস্ট তৈরি নিরলস প্রচেষ্ঠা, অধ্যবসায় আর পরিশ্রমের মিলিত পদক্ষে প। এটি সময় সাপেক্ষও বটে। ইনস্টিটিউটে প্রশিক্ষন কর্মসূচি চলমান রয়েছে। যার ফলশ্রুতিতে দক্ষ মেডিকেল ফিজিসিস্ট এ পেশায় নিয়োজিত হতে পারবেন।

১৭. প্রকল্প পরিদর্শন :

"নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (আইএনএমপি)" শীর্ষক প্রকল্পটি জুন, ২০১৮ সালে সমাপ্ত হওয়ায় বিগত ১৪/০৮/১৮ তারিখে সমাপ্ত প্রকল্প মূল্যায়নের নিমিত্ত পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, সাভার প্রকল্পটি আইএমইডি-এর পক্ষ হতে পরির্দশন করা হয়। পরির্দশন কালে প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

১৭.১ প্রকল্প পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের আওতায় বাংকারসহ ভবন নির্মাণ কাজ সম্পূর্ণরূপে শেষ হয়েছে। নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স ভবন বর্তমানে ব্যবহৃত হচ্ছে। পরমাণু প্রযুক্তি প্রয়োগে ক্যান্সার চিকিৎসার জন্য ব্যবহৃত অন্যতম মেশিন Medical Linac যন্ত্রটির ইনস্টলেশন ও কমিশনিং এর কাজ মে, ২০১৭ তে শেষ হয়েছে। linac যন্ত্রের সহায়ক যন্ত্রপাতি হিসেবে Dosimety System ও Immobilisation set সংগ্রহ করা হয়েছে। এতে সর্বমোট ১৫.৫০ কোটি টাকা ব্যয় হয়েছে। বর্তমানে মেশিনটি রোগী চিকিৎসার জন্য সম্পূর্ণ প্রস্তুত রয়েছে। এই মেশিনের মাধ্যমে প্রতিদিন ৩০ জন হিসেবে মাসে (২২ দিনে) ৬৬০ জন এবং বছরে ৭৯২০ জন রোগীর সেবা দেয়া | ফলে সরকারের রাজস্ব আয় অনেক বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। সম্পূর্ণ জনবল না পাওয়া গেলেও সীমিত পর্যায়ে বিশেষ ব্যবস্থায় প্রাপ্ত যন্ত্রটির সাহায্যে রোগীর চিকিৎসা সেবা কার্যক্রম শুরন্ন করা হয়েছে।

১৭.২ ১৮.০০ কোটি টাকা মূল্যের উচ্চ প্রযুক্তিঘন সংবেদনশীল Nuclear ToF PET যন্ত্রের কাস্টমস ক্লিয়ারিং, ইনস্টলেশন, কমিশনিং ও টেস্টিং প্রক্রিয়া সম্পন্ন করে এ যন্ত্র রোগীর জন্য ব্যবহার উপযোগী করা হয়েছে। এই মেশিনটি ইনস্টিটিউটের অন্যতম একটি ডায়াগনস্টিক নিউক্লিয়ার মেশিন , যা নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স পদ্ধ তিতে মানব দেহের সমস্ত শরীর ছোট ছোট slice আকারে scan করতে পারবে। প্রতিটি slice সংযোজন করে 3D image সৃষ্টি করা হবে। শরীরের ঠিক কোন জায়গায় কতটুকু পরিমাণের ক্যান্সার টিউমার রয়েছে তা এই মেশিনের সাহায্যে অতি সূক্ষ্মভাবে নির্ণয় করা হবে। এছাড়া মেশিনটি দ্বারা ক্যান্সা র ট্রিটমেন্ট পরবর্তী follow-up করা হবে।

১৭.৩ এ প্রেক্ষাপটে ২টি যন্ত্র চালনা ও রক্ষণাবেক্ষণের সাথে সংশ্লিষ্ট সহায়ক সকল জনবলের দ্রুত নিয়োগ ও পদায়ন জরুরী। নব নির্মিত প্রতিষ্ঠানে ক্যান্সার রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা হবে। প্রতিষ্ঠানে রোগীদের সাময়িক অবস্থানের জন্য কোন শয্যার সংস্থান নেই। বিষয়টি আইএমইডি'র মহাপরিচালক মহোদয়ের পূর্ববর্তী পরিদর্শনে প্রকল্প পরিচালকের নজরে আনা হয়। দূরবর্তী অঞ্চল হতে আগত রোগী বা চিকিৎসাধীন অবস্থায় কোন রোগী সংকটাপন্ন হলে সে ধরণের পরিস্থিতি মোকাবেলার জন্য ন্যূনতম কয়েকজন রোগীর শয্যার ব্যবস্থা করা একান্ত প্রয়োজন বিধায় ২টি শয্যার ব্যবস্থা করা হয়েছে । শয্যা সংখ্যা আরো বৃদ্ধি করা প্রয়োজন।

১৭.৪ ভবন পরিদর্শনকালে প্রতিবন্ধীদের জন্য কোন বাথরুম নির্মাণ না করার বিষয়টি লক্ষ্য করা গেছে। ভবনের প্রবেশমুখে ও চতুপার্শ্বে খালি জায়গায় দৃষ্টিনন্দন ও পরিবেশ সহায়ক বিভিন্ন গাছ লাগানো হয়েছে।

১৭.৫ উক্ত কেন্দ্রের জন্য প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার ও অন্যান্য সহযোগী নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ৫১ জন জনবল নিয়োগের প্রশাসনিক মঞ্জুরি পাওয়া গেছে। নিয়োগের প্রাথমিক ধাপ হিসেবে নিয়োগ বিজ্ঞপ্তি প্রস্তুতির কাজ চলছে। এ মুহূর্তে প্রতিষ্ঠানটি নির্মিত হলেও ডাক্তারসহ অন্যান্য জনবলের অভাবে পূর্নমাত্রায় সেবা প্রদান করতে পারছে না । কমিশনের বিদ্যমান জনবল হতে কয়েকজন ডাক্তার ও টেকনিশিয়ান পদায়ন করে রোগীর সেবা প্রদান কার্যক্রম শুরু করেছে। ইনস্টিটিউটে কমিশনের রাজস্ব খাত হতে কয়েকজন কর্মকর্তা/কর্মচারী ইতোমধ্যে পদায়ন করা হয়েছে যা চাহিদার তুলনায় অপ্রতুল।

১৭.৬ সার্ভিস ফি: প্রদেয় সেবাসমূহের সার্ভিস ফি নিম্নরূপ নির্ধারণ করা হয়েছে:

ক্রমিক নং	সেবার নাম	ফি (টাকা)
১।	সিটি সিমুলেশন	৭০০/
২।	টিপিএস প্ল্যানিং (৩ডি-সিআরটি)	১২০০/-
৩।	টিপিএস প্ল্যানিং (আইএমআরটি)	১৫০০/-
৪।	ম্যানুয়াল প্ল্যানিং (২ডি)	২০০/-
৫।	পার ফ্রাকশন এক্সপোজার (২ডি/৩ডি- সিআরটি)	২০০/-
৬।	পার ফ্রাকশন এক্সপোজার (আইএমআরটি)	৪০০/-
৭।	প্যাশেন্ট রিভিউ	২০০/-

১৭.৭ প্রকল্প চলাকালীন ও প্রকল্প সমাপ্তির প্রদত্ত সেবাসমূহ:

ক্রমিক নং	সেবার নাম	পরিমাণ
১।	২ডি/৩ডি এক্সপোজার	৪২০
২।	আইএমআরটি এক্সপোজার	৩৭৫
৩।	টিপিএস প্ল্যানিং	৫৪
৪।	সিটি সিমুলেশন	৫৯
৫।	পেট সিটি স্ক্যান	০৫
৬।	গড়ে প্রতি দিন মোট ক্যান্সার রোগীর সেবার সংখ্যা	১৭

প্রকল্প পরিদর্শনকালীন স্থির চিত্র



চিত্র-১: নির্মিত নিউক্লিয়ার মেডিক্যাল ফিজিক্স ভবন।



চিত্র-২: লিন্যাক মেশিনে চিকিৎসারত রোগী।



চিত্র-৩ : রোগীদের বেড/বিছানা।



চিত্র-৪: অপেক্ষমান রোগী।

১৮। সার্বিক মতামত/সুপারিশসমূহ:

১৮.১ ইনস্টিটিউটের জন্য রাজস্ব খাতে পদ সৃজনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ৫১ জন জনবলের প্রশাসনিক মঞ্জুরি পাওয়া গেছে। পদসমূহের অনুমোদন সিদ্ধান্ত পাওয়া যাওয়ায় সে অনুযায়ী কর্মকর্তা/কর্মচারী নিয়োগ ও পদায়নের কাজ ত্বরান্বিত করার জন্য প্রশাসনিক মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, পরমাণু শক্তি কমিশনের দৃষ্টি আকর্ষণ করা হলো।

১৮.২ রোগীর জন্য প্রয়োজনীয় বেডসহ সেবা প্রদানের আনুষঙ্গিক সকল বিষয় যথাযথ সংযোজনসহ একটি পূর্ণাঙ্গ ইনস্টিটিউট তৈরি করার উদ্যোগ নিতে হবে। এছাড়া প্রতিবন্ধীদের জন্য প্রতিবন্ধীবান্ধব বাথরুমের সংস্থান/নির্মাণ করা আবশ্যক।

১৮.৩ ইমারজেন্সি সার্ভিস ও সার্বক্ষণিক সেবা প্রাপ্তি নিশ্চিত করার সুবিধার্থে অন্য প্রকল্পের আওতায় সাভারে পারমানু শক্তি কমিশনের জায়গায় ডাক্তার, নার্স, টেকনিশিয়ান ও মেডিকেল ফিজিসিস্টদের আবাসিক ব্যবস্থা সৃষ্টির বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, পরমাণু শক্তি কমিশনের দৃষ্টি আকর্ষণ করা হলো।

১৮.৪ নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স প্রযুক্তির সেবা, গবেষণা ও শিক্ষা কার্যক্রম দ্রুত শুরু করতে হবে এবং দেশের অন্যান্য স্থানেও এই সুযোগ নিশ্চিত করতে হবে। সরকারি ও বেসরকারি সমজাতীয় প্রতিষ্ঠানের সমন্বয় করার জন্য এমওইউ করা যেতে পারে।

১৮.৫ সরকারের নব প্রতিষ্ঠিত ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্সে প্রাপ্ত সেবা ও সুবিধা সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করাসহ নিজস্ব 'ওয়েবসাইট' প্রণয়ন ও চালু এবং বহুল প্রচারের (বাংলা ও ইংরেজিতে লিফলেট প্রণয়ন , বিভিন্ন ইলেকট্রনিক্স মিডিয়ায় প্রচার ইত্যাদি) ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৮.৬ ক্রয়কৃত যন্ত্রপাতি ও অন্যান্য মালামালের সঠিক সংরক্ষনের জন্য লগবুক, সম্পদ রেজিষ্ট্রার ও দর্শনার্থী রেজিষ্ট্রার চলমান রাখতে হবে এবং যন্ত্রের ও আসবাবপত্রের গাঁয়ে ট্যাগিং নাম্বার দিতে হবে।

১৮.৭ উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৮.১ হতে ১৮.৬) অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।

জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট স্থাপন (১ম পর্যায়)(২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের **সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৭)

১. প্রকল্পের নাম : জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট স্থাপন (১ম পর্যায়) (২য় সংশোধিত) প্রকল্প

২. উদ্যোগী মন্ত্রণালয় : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

৩. বাস্তবায়নকারী সংস্থা : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

৪. প্রকল্প এলাকা : রামু, কক্সবাজার

৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*	*(৮)*
১৫৪০.০০	১০২৮০.০০	৮৭৩৬.৯৬	জুলাই, ২০০০ থেকে জুন, ২০০৫	জুলাই, ২০০০ থেকে ডিসেম্বর, ২০১৭	জুলাই, ২০০০ থেকে ডিসেম্বর, ২০১৭	-৭১৯৬.৯৬ (৫৬৭.৩৩%)	১২ বছর ৬ মাস (৩৫০%)

৬. প্রকল্পের অংগভিত্তিক অগ্রগতি :

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১।	রাজস্ব খাত	-	-	৯৪৪.৮৭	-	৮৬১.৮৭
২।	মূলধন খাত	-	-	৮৬১৯.৪৩	-	৭৮০৫.৭৫
৩।	প্রাইজ কনটিনজেন্সী	-	-	৫৩৬.০০	-	৬৯.৩৪
৪।	ফিজিক্যাল কনটিনজেন্সী	-	-	১৮০.০০	-	-
	মোট:	-	-	১০২৮০.০০	-	৮৭৩৬.৯৬

৭. কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রযোজ্য নয়।

৮. মূল্যায়ন পদ্ধতি: প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্তবিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯. প্রকল্পের পটভূমি :

সমুদ্র গবেষণা ইনস্টিটিউট স্থাপনের জন্য বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় ১৯৯৪ সালে একটি সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study) পরিচালনা করা হয়। সম্ভাব্যতা প্রতিবেদনে বাংলাদেশে একটি জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট স্থাপনের সুপারিশ করা হলেও ঐ সময়ে তা বাস্তবায়নের কোন উদ্যোগ নেওয়া হয়নি। ১৯৯৬ সালে বঙ্গবন্ধুর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আসার পর জাতির জনকের স্বপ্ন বাস্তবে রূপদানের জন্য তাঁর নির্দেশে জাতীয় সমুদ্র বিজ্ঞান ইনস্টিটিউট প্রতিষ্ঠার জন্য একটি রিভিউ কমিটি গঠন করা হয়। উক্ত রিভিউ কমিটির সুপারিশের ভিত্তিতে ২০০০ সালে জাতীয় সমুদ্র বিজ্ঞান গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠার সিদ্ধান্ত গৃহীত হয়।

১০. প্রকল্পের উদ্দেশ্য : ১। সমুদ্র বিজ্ঞান বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ প্রদান;

২। গবেষণালব্ধ জ্ঞান ব্যবহার করে সামুদ্রিক সম্পদ আহরণ ও উক্ত সম্পদ দেশের আর্থসামাজিক উন্নয়নে ব্যবহারের সক্ষমতা অর্জন;

৩। স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়সমুহে সমুদ্র বিজ্ঞান বিষয়ক শিক্ষা কারিকুলাম অন্তর্ভুক্তকরণে উৎসাহ প্রদান;

৪। পরিবেশগত বিষয়সমূহ, পরিবেশ বিপর্যয় ও জলবায়ু পরিবর্তনের কারণ ও ক্ষেত্র নির্ণয়; এবং

৫। সামুদ্রিক পরিবেশ সংরক্ষণের লক্ষ্যে একটি যথোপযুক্ত সমুদ্র গবেষণা ইনষ্টিটিউট স্থাপন করা।

১১. প্রকল্পের অনুমোদন অবস্থা :

জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট স্থাপন (১ম পর্যায়) শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ১৫.৪০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই ২০০০ থেকে জুন ২০০৫ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে বিগত ২৭/৩/২০০১ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। এরপর ব্যয় বৃদ্ধি ব্যতিত প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ তিন বছর বৃদ্ধি করা হয়। কিন্তু যথাসময়ে জমি অধিগ্রহণ করতে না পারায় প্রকল্পটি বাস্তবায়নে বিলম্ব ঘটে। জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প ২০০০ সালে গ্রহণ করা হলেও মূলত বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৯ সালে পুনরায় ক্ষমতায় আসার পরে প্রকল্পটি প্রান ফিরে পায় এবং প্রকল্পের দৃশ্যমান অগ্রগতি অর্জিত হয়। বিগত ২/৭/২০০৯ তারিখের একনেক সভায় ৪ একর জমির উপর ইনস্টিটিউট প্রতিষ্ঠার প্রস্তাব উপস্থাপন করা হলে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইনস্টিটিউট প্রতিষ্ঠার জন্য জমির পরিমান ৪ একরের পরিবর্তে ৪০ একর বৃদ্ধি করে প্রকল্প এলাকায় গবেষণাগার, আবাসিক ভবন, মেরিন একুরিয়াম, গবেষকদের ছেলে-মেয়েদের জন্য শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি ব্যবস্থাসহ একটি স্বয়ংসম্পূর্ণ গবেষণা ইনস্টিটিউট স্থাপনের জন্য প্রকল্পটি পুর্নগঠণ করে পুনরায় উপস্থাপনের অনুশাসন প্রদান করেন। ১১/৮/২০০৯ তারিখে অনুষ্ঠিত একনেক বৈঠকে প্রকল্পের জমির পরিমান ০৪ একরের পরিবর্তে ৪০ একর, প্রকল্পের মোট ব্যয় ৮০৭৫.০০ লক্ষ (আশি কোটি পঁচাত্তর লক্ষ) টাকায় বৃদ্ধি এবং বাস্তবায়নকাল জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করে প্রকল্পের ১ম সংশোধিত প্রস্তাব অনুমোদিত হয়। ২৩/৭/২০১৩ তারিখে অনুষ্ঠিত একনেক বৈঠকে প্রকল্পের জমির পরিমান আরও ০.৬২ একর বৃদ্ধি করে মোট জমি ৪০.৬২ একর, প্রকল্পের মোট ব্যয় ১০২৩৪.০০ (একশত দুই কোটি চৌত্রিশ লক্ষ) লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুন, ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করে প্রকল্পের ২য় সংশোধিত প্রস্তাব অনুমোদিত হয়। প্রকল্পের ১ম সংশোধন অনুমোদনকালে প্রকল্পে মেরিন এক্যুরিয়াম স্থাপনের বিষয়টি অন্তর্ভূক্ত করা হয়। কিন্তু মেরিন এক্যুরিয়াম স্থাপন একটি বিশেষায়িত কাজ বিধায় প্রকল্পের ২য় সংশোধনকালে জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট প্রাঙ্গনে মেরিন এক্যুরিয়াম নির্মাণের জন্য একটি স্বতন্ত্র প্রকল্প গ্রহণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুশাসন প্রদান করেন এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন বাস্তবায়নের জন্য ইতোমধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি

মন্ত্রণালয় মেরিন এক্যুরিয়াম তৈরির জন্য একটি স্বতন্ত্র প্রকল্প গ্রহণ করেছে। ২৭/৬/২০১৬ তারিখে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়নকাল জুন, ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়। জাতীয় বেতন স্কেল ২০১৫ ঘোষণার প্রেক্ষিতে প্রকল্পে কর্মরত কর্মকর্তা–কর্মচারীদের বেতন–ভাতা বৃদ্ধি পাওয়ায় ১৪/০২/২০১৭ তারিখে ৪৬.০০ লক্ষ টাকা বৃদ্ধি করে প্রকল্পের মোট ব্যয় ১০২৮০.০০ লক্ষ টাকা নির্ধারণ পূর্বক বিশেষ সংশোধনী অনুমোদিত হয়। ০৪/০৫/২০১৭ তারিখে প্রকল্পটির সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়নকাল ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১২. প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ:

নাম এবং পদবী	পরিদর্শনের তারিখ
মো সাইফুর রহমান সহকারী পরিচালক	২৪/০৪/২০১৭

১৩. আর্থিক ও বাস্তব কর্মসূচী

১৩.১ মূল ও সংশোধিত কর্মপরিকল্পনা পিপি অনুযায়ী:

অর্থ বছর	মূল পিপি অনুযায়ী আর্থিক এবং বাস্তব লক্ষ্যমাত্রা				সর্বশেষ সংশোধিত পিপি অনুযায়ী আর্থিক এবং বাস্তব লক্ষ্যমাত্রা			
	মোট	টাকা	পিএ	বাস্তব %	মোট	টাকা	পিএ	বাস্তব %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০০০-২০০১	১৭.৪৪	১৭.৪৪	-	১.১৩%	০	০		
২০০১-২০০২	১৫৮.৮১	১৫৮.৮১	-	১০.৩২%	০	০		
২০০২-২০০৩	১১৯.৪৬	১১৯.৪৬	-	৭.৭৬%	০	০		
২০০৩-২০০৪	৮৭৯.২৭	৮৭৯.২৭	-	৫৭.১১%	০	০		
২০০৪-২০০৫	৩৬৪.৬০	৩৬৪.৬০	-	২৩.৬৮%	০	০		
২০০৫-২০০৬					০	০		
২০০৬-২০০৭					০	০		
২০০৭-২০০৮					০	০		
২০০৮-২০০৯					০	০		
২০০৯-২০১০					০	০		
২০১০-২০১১					০	০		
২০১১-২০১২					০	০		
২০১২-২০১৩					১৯৭৯	১৯৭৯		১৯.২৫%

অর্থ বছর	মূল পিপি অনুযায়ী আর্থিক এবং বাস্তব লক্ষ্যমাত্রা				সর্বশেষ সংশোধিত পিপি অনুযায়ী আর্থিক এবং বাস্তব লক্ষ্যমাত্রা			
	মোট	টাকা	পিএ	বাস্তব %	মোট	টাকা	পিএ	বাস্তব %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০১৩-২০১৪					১৮৪৭	১৮৪৭		১৭.৯৭%
২০১৪-২০১৫					১৪৮০	১৪৮০		১৪.৪০%
২০১৫-২০১৬					২৪৫৫	২৪৫৫		২৩.৮৮%
২০১৬-২০১৭					১৭৪৪.০৪	১৭৪৪.০৪		১৬.৯৭%
২০১৭-২০১৮					৭৭৪.৯৬	৭৭৪.৯৬		৭.৫৪%
মোট	১৫৩৯.৫৮	১৫৩৯.৫৮		১০০%	১০২৮০.০০	১০২৮০.০০		১০০%

১৩.২ সংশোধিত এডিপি বরাদ্দ এবং অগ্রগতি:

অর্থ বছর	সংশোধিত বরাদ্দ ও অগ্রগতি				অর্থ অবমুক্তি	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা	পিএ	বাস্তব %		মোট	টাকা	পিএ	বাস্তব %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০০০-২০০১	১.২৫	১.২৫	-	০.০১%	১.২৫	১.২৫	১.২৫	-	০.০১%
২০০১-২০০২	২.০০	২.০০	-	০.০২%	২.০০	২.০০	২.০০	-	০.০২%
২০০২-২০০৩	১.০০৫	১.০০৫	-	০.০১%	১.০০৫	১.০০২	১.০০২	-	০.০১%
২০০৩-২০০৪	২.৯৬	২.৯৬	-	০.০৩%	২.৯৬	২.৮৯	২.৮৯	-	০.০৩%
২০০৪-২০০৫	৫.৯৭	৫.৯৭	-	০.০৬%	৫.৯৭	৫.৯০	৫.৯০	-	০.০৬%
২০০৫-২০০৬	০.৮১	০.৮১	-	০.০১%	০.৮১	০.৮০	০.৮০	-	০.০১%
২০০৬-২০০৭	১২০.০০	১২০.০০	-	১.১৭%	১২০.০০	৪.৬৮	৪.৬৮	-	০.০৫%
২০০৭-২০০৮	৪০.০০	৪০.০০	-	০.৩৯	৪০.০০	৪.৮৭	৪.৮৭	-	০.০৫%
২০০৮-২০০৯	১১০.০০	১১০.০০	-	১.০৭%	১১০.০০	৭.৩৭	৭.৩৭	-	০.০৭%
২০০৯-২০১০	১২০.০০	১২০.০০	-	১.১৭%	১২০.০০	১০৫.৭২	১০৫.৭২	-	১.০৩%
২০১০-২০১১	৬০৫.০০	৬০৫.০০	-	৫.৮৯%	৬০৫.০০	৪৫৭.১৫	৪৫৭.১৫	-	৪.৪৫%
২০১১-২০১২	১১০০.০০	১১০০.০০	-	১০.৭০%	১১০০.০০	১০৯৩.৭১	১০৯৩.৭১	-	১২.৬৪%
২০১২-২০১৩	১৭৫৫.০০	১৭৫৫.০০	-	১৭.০৭%	১৭৫৫.০০	১৭৪৪.৬৫	১৭৪৪.৬৫	-	১৮.৯৭%
২০১৩-২০১৪	১২২০.০০	১২২০.০০	-	১১.৮৭%	১২২০.০০	১২১৯.৩৭	১২১৯.৩৭	-	১৪.৮৬%

অর্থ বছর	সংশোধিত বরাদ্দ ও অগ্রগতি				অর্থ অবমুক্তি	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা	পিএ	বাস্তব %		মোট	টাকা	পিএ	বাস্তব %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১৪-২০১৫	১৪৭০.০০	১৪৭০.০০	-	১৪.৩০%	১৪৭০.০০	১৪৬৭.৮১	১৪৬৭.৮১	-	১৫.০১%
২০১৫-২০১৬	১৫৯৬.০০	১৫৯৬.০০	-	১৫.৫৩%	১৫৯৬.০০	১২১৪.৩৭	১২১৪.৩৭	-	১৫.৭৯%
২০১৬-২০১৭	১২৩০.০০	১২৩০.০০	-	১১.৯৬%	১২৩০.০০	১২০২.৪২	১২০২.৪২	-	১২.৭০%
২০১৭-২০১৮	২৮৭.০০	২৮৭.০০	-	২.৭৯%	২৮৭.০০	২০১.০০	২০১.০০	-	১.৯৬%
মোট	৯৬৬৭.০০	৯৬৬৭.০০	-	৯৪.০৪%	৯৬৬৭.০০	৮৭৩৬.৯৬	৮৭৩৬.৯৬	-	৯৭.৭২%

১৩. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নাম ও পদবী	পূর্ণকালীন / খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মেয়াদকাল
১। কমান্ডার আবদুল আজিজ বিএন	খন্ডকালীন	২০০২	২০০৩	২০০২-২০০৩
২। রাকিব উদ্দিন আহমেদ যুগ্ম-সচিব	খন্ডকালীন	২০০৩	২০০৫	২০০৩-২০০৫
৩। আশরাফ মোহাম্মদ ইকবাল যুগ্ম-সচিব	খন্ডকালীন	২০০৫	২০০৬	২০০৫-২০০৬
৪। ড. খাদিজা যুগ্ম-সচিব	খন্ডকালীন	২০০৬	২০০৬	২০০৬-২০০৬
৫। মেজবাউল আলম যুগ্ম-সচিব	খন্ডকালীন	২০০৬	২০০৭	২০০৬-২০০৭
৬। ড. বোরহান উদ্দিন যুগ্ম-সচিব	খন্ডকালীন	২০০৭	২২/০১/২০১৩	২০০৭-২০১৩
৭। মোঃ সামসুল কিবরিয়া যুগ্ম-সচিব	খন্ডকালীন	২৩/০১/২০১৩	১২/০২/২০১৩	২০১৩-২০১৩
৮। দীলিপ কুমার বশাক অতিরিক্ত সচিব	খন্ডকালীন	১২/০২/২০১৩	১৯/০২/২০১৩	২০১৩-২০১৩
৯। এটিএম মোস্তাফিজুর রহমান অতিরিক্ত সচিব	খন্ডকালীন	১৯/০২/২০১৩	১৬/১০/২০১৬	২০১৩-২০১৬
১০। মোঃ আমান উল্লাহ অতিরিক্ত সচিব	খন্ডকালীন	১৬/১০/২০১৬	৩০/০৫/২০১৭	২০১৬-২০১৭
১১। মোঃ হেমায়েত হোসেন অতিরিক্ত সচিব	খন্ডকালীন	৩০/০৫/২০১৭	২১/০৮/২০১৭	২০১৭-২০১৭
১২। অশোক কুমার বিশ্বাস অতিরিক্ত সচিব	খন্ডকালীন	২১/০৮/২০১৭	প্রকল্প সমাপ্ত পর্যন্ত	২০১৭-২০১৭

১৪. **অডিট সংক্রান্ত :**অডিট সম্পন্ন হয়ছে।

অডিট সময়কাল	অডিট রিপোর্ট জমাদানের তারিখ	অডিট আপত্তি আছে কিনা	অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা
১৫/০২/২০১৫ থেকে ২৩/০২/২০১৫	২৩/০২/২০১৫	অডিট আপত্তি আছে	হ্যাঁ
২৪/০৫/২০১৬ থেকে ২৯/০৫/২০১৬	২৯/০৫/২০১৬	অডিট আপত্তি আছে	হ্যাঁ
০১/১১/২০১৬ থেকে ০৭/১১/২০১৬	০১/১১/২০১৬	অডিট আপত্তি আছে	নিষ্পত্তি প্রক্রিয়াধীন।

১৫. **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :** প্রকল্পের নির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের সাফল্য সমুহ সংক্ষেপে নিম্নে উল্লেখ করা হল:

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
১। সামুদ্রিক পরিবেশ সংরক্ষণের লক্ষ্যে একটি যথোপযুক্ত সমুদ্র গবেষণা ইনষ্টিটিউট স্থাপন করা।	১। ইনস্টিটিউটের অবকাঠামো সুবিধাগুলো সফলভাবে তৈরি করা হয়েছে। প্রকল্পের মাধ্যমে ইনস্টিটিউট ও প্রশাসনিক ভবন (৩ তলা বিশিষ্ট) , ৫টি আবাসিক ভবন (৫ তলা বিশিষ্ট) , ৩টি অফিসার্স এবং স্টাফ হোস্টেল (৩ তলা বিশিষ্ট), ক্লাব বিল্ডিং (৩ তলা বিশিষ্ট), রেষ্ট হাউস (৩ তলা বিশিষ্ট) , ডিজি এর বাংলো (ডুপ্লেক্স), স্কুল ও ফার্স্ট এড সেন্টার (২ তলা বিশিষ্ট) মোট ১৩টি ভবন নির্মিত হয়েছে ।
২। গবেষণালব্ধ জ্ঞান ব্যবহার করে সামুদ্রিক সম্পদ আহরণ ও উক্ত সম্পদ দেশের আর্থ সামাজিক উন্নয়নে ব্যবহারের সক্ষমতা অর্জন;	২। গবেষণালব্ধ জ্ঞান ব্যবহার করে সামুদ্রিক সম্পদ আহরণ করা ও উক্ত সম্পদ দেশের আর্থ সামাজিক উন্নয়নে ব্যবহারের সক্ষমতা অর্জন করার লক্ষ্যে ২২৩টি পদ সৃজন এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি, সরঞ্জাম এবং আন্ডার-ওয়াটার ক্যামেরা সংগ্রহ করা হয়েছে। সামুদ্রিক সম্পদ অনুসন্ধান ও সামুদ্রিক পরিবেশ সুরক্ষা এবং ইনস্টিটিউটটি সহজভাবে চালানোর জন্য মোট ১০৮৯টি সামুদ্রিক জরিপ , নমুনা এবং পরীক্ষাগার বিশ্লেষক উপকরণ কেনা হয়েছে।
৩। স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়সমুহে সমুদ্র বিজ্ঞান বিষয়ক শিক্ষা কারিকুলাম অন্তর্ভুক্তকরণে উৎসাহ প্রদান;	৩। প্রকল্প সময়সীমার মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় , বিজ্ঞান ও প্রযুক্তি নোয়াখালী বিশ্ববিদ্যাল য় এবং বিজ্ঞান ও প্রযুক্তি শাহজালাল বিশ্ববিদ্যালয়ে সমুদ্র বিজ্ঞান বিষ য়ে স্নাতক ও স্নাতকোত্তর প্রোগ্রাম চালু হয়েছে এবং অন্যান্য বিশ্ববিদ্যাল য় এবং প্রতিষ্ঠানসমূহ সমুদ্র বিজ্ঞান সম্পর্কিত বিষ য় তাদের পাঠ্যক্রমে অন্তর্ভুক্তি করার উদ্যোগ নিয়েছে।
৪। পরিবেশগত বিষয়সমূহ, পরিবেশ বিপর্যয় ও জলবায়ু পরিবর্তনের কারণ ও ক্ষেত্র নির্ণয়; এবং	৪। পরিবেশগত বিষয়সমূহ, পরিবেশ বিপর্যয় ও জলবায়ু পরিবর্তনের কারণ ও ক্ষেত্র নির্ণয়ের ক্ষেত্রে যথাযথ অগ্রগতি হয়নি; এবং
৫। সমুদ্র বিজ্ঞান বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ প্রদান;	৫। সমুদ্রবিজ্ঞান বিষয়ক গবেষণা ত্বরান্বিত করার লক্ষ্যে বিজ্ঞানীসহ ১৮ জন জনবল নিয়োগ করা হয়েছে। নির্মিত ইনস্টিটিউটটি সামুদ্রিক সম্পদের যথাযথ ও টেকসই ব্যবহার এবং সামুদ্রিক পরিবেশ সুরক্ষা নিশ্চিত করার জন্য সামুদ্রিক সম্পদের উপর গবেষণা কার্যক্রম বাস্তবায়নের প্রধান কেন্দ্র হবে বিধায় শিক্ষা ও গবেষণার জন্য ৯৪টি সমুদ্র সম্পর্কিত বিদেশী বই কেনা হয়েছে। প্রকল্পের দুই বৈজ্ঞানিক কর্মকর্তা ন্যাশনাল ওশানোগ্রাফি এন্ড মেরিটাইম ইনস্টিটিউট (নোয়ামি)-তে সমুদ্র বিজ্ঞান সম্পর্কিত

	প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

১৬. উদ্দেশ্য পুরোপুরি অর্জন না হলে এর কারণ : প্রযোজ্য নয়।

১৫. প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ :

১৫.১ গত ০২/০১/২০১৮ তারিখ আইএমইডি'র উপ-পরিচালক জনাব মোহাম্মদ এনামুল আহসান প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনের সময় প্রকল্পের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব আবু সাঈদ মুহাম্মাদ শরীফ ও বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ তরিকুল ইসলাম এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মচারীগণ উপস্থিত থেকে পরিদর্শনে সহায়তা করেন।

১৫.২ পরিদর্শনে দেখা যায় যে, বাস্তবায়নকারী সংস্থা (ডিপোজিট) গণপূর্ত বিভাগ কক্সবাজার কর্তৃক স্থাপনা ও নির্মাণ কাজ সমূহ সম্পন্ন হয়েছে। ইনস্টিটিউট ক্যাম্পাস পরিপাটি করে রাখা আছে। আরবরিকালচার এর মাধ্যমে বৃক্ষ রোপন করা হয়েছে। এছাড়া বৈজ্ঞানিক য ন্ত্রপাতি, অফিস ইকুইপমেন্ট, লাইব্রেরির বই-পুস্তকসমূহ ক্রয় করা হয়েছে কিন্তু আসবাব ও ফার্নিচার না থাকায় ইন্সটল করা হয়নি।

১৫.৩ ইনস্টিটিউট ভবনে কন্সিল ইন্টারনেট লাইনের ব্যবস্থা না থাকায় বাহিরে তাঁর টানায় সৌন্দর্য কমেছে।

১৫.৪ পাহাড়ি ঢল স্বাভাবিকভাবে প্রবাহিত হওয়ার জন্য অভ্যন্তরীণ ছড়াসমূহ পাড় কংক্রিট দিয়ে বেঁধে অটুট রাখার ব্যবস্থা করা হয়েছে।

১৫.৫ সরেজমিন পর্যবেক্ষনে দেখা যায় যে, একটি মূল ভবনসহ মোট ১৩টি ভবন নির্মিত হয়েছে, যার মধ্যে ৫টি আবাসিক ভবন, ২টি হোস্টেল, ক্লাব বিল্ডিং, স্কুল ভবন, আনসার ব্যারাক, মহাপরিচালকের বাসভবন এবং রেস্ট হাউজ রয়েছে। মূল ভবনের ছাদে সোলার প্যানেল বসানো হয়েছে।

১৫.৬ প্রকল্প এলাকাটি প্রত্যন্ত, পাহাড়ি ও স মুদ্র উপকূলবর্তী এলাকায় অবস্থিত বিধায় বাউন্ডারী ওয়াল নির্মা ণ করা হয়েছে। পাহাড়ের দিকে ওয়ালের পরিবর্তে কাঁটা তারের বেড়া দেওয়া হয়েছে। তাছাড়া বাউন্ডারী ওয়ালের দুই জায়গার ফাঁকা পাওয়া গেছে, যা পূরণ করা প্রয়োজন।

১৫.৭ পরিবেশগত বিষয়সমূহ, পরিবেশ বিপর্যয় ও জলবায়ু পরিবর্তনের কারণ ও ক্ষেত্র নির্ণয়ের বিষয়ে প্রকল্পের উদ্দেশ্য এখনও বাস্তবায়িত হয়নি;

প্রকল্প পরিদর্শনকালীন স্থির চিত্র:



চিত্র:১ ওশানোগ্রাফিক রিসার্চ ইনষ্টিটিউট এর প্রবেশদ্বার।




চিত্র:২ মূল ভবন।





চিত্র:৩ কনফারেন্স হল ভবন।



চিত্র:৪ সংস্থাপিত যন্ত্রপাতি।

সার্বিক মতামত/সুপারিশসমূহ :

১৬.

১৬.১ ওশানোগ্রাফিক রিসার্চ ইনষ্টিটিউটি এর বাউন্ডারী ওয়ালের ফাঁকা জায়গাসমূহ পূরণ করার ব্যবস্থা নিতে হবে।

১৬.২ ভবন ও ইনস্টিটিউট এলাকার সৌন্দর্য্য ঠিক রাখা ও কাজের সুবিধা প্রাপ্তির জন্য কম্পিল ইন্টারনেট লাইন স্থাপনের ব্যবস্থা করতে হবে। প্রকল্পের বাস্তবায়ন পরবর্তী ইনস্টিটিউট পরিষ্কার পরিচ্ছন্ন রাখা ও নিরাপত্তা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।

১৬.৩ ল্যাবরেটরির মূল্যবান বৈজ্ঞানিক যন্ত্রপাতিসমূহ স্থাপনের জন্য দ্রুত ল্যাবরেটরি ফার্নিচার এবং অনুষাঙ্গিক যন্ত্রপাতি ক্রয়ের ব্যবস্থা করতে হবে। প্রকল্পের বাস্তবায়ন পরবর্তী ইনস্টিটিউট সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অফিসিয়াল আসবাবপত্র ক্রয়ের ব্যবস্থা করতে হবে।

১৬.৪ এডিপি প্রকল্পের অধীনে এ ইনষ্টিটিউটে অত্যন্ত সফিসটিকেটেড ও বিশেষায়িত যন্ত্রপাতি স্থাপিত রয়েছে। ওয়ারেন্টি পিরিয়ড সমাপ্তির পর এসব মূলধনী সম্পদ যথাযথভাবে সচল রাখা , গবেষণা ও উন্নয়ন, প্রশিক্ষণ প্রদান এবং সেবা প্রদান কাজসমূহ পরিচালনার লক্ষ্যে খুচরা যন্ত্রাংশ ও প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্য , স্ট্যান্ডার্ড, সলভেন্ট, ইত্যাদির ক্রয়ের জন্য প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিতকরণ প্রয়োজন হবে। বিশেষায়িত এসব যন্ত্রপাতির ক্যালিব্রেশন এবং মেরামত/সংরক্ষণ কাজ সঠিকভাবে পরিচালনার জন্য নির্মাতা /সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে বার্ষিক সেবা গ্রহণ চুক্তি সম্পাদন করা যেতে পারে। প্রকল্পের অধীনে নবসৃষ্ট সুবিধাদির সংরক্ষণ ও সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

১৬.৫ এ ইনষ্টিটিউটে স্থাপিত অত্যন্ত সফিসটিকেটেড ও বিশেষায়িত যন্ত্রপাতির লগবুক , নমুনা রেজিস্টার , দর্শনার্থী রেজিস্টার ইত্যাদি সংরক্ষণ করতে হবে। প্রকল্পের অধীনে অর্জিত সম্পদ যথাযথভাবে সম্পদ রেজিস্টার - এ লিপিবদ্ধ করে ট্যাগিং করতে হবে;

১৬.৬ সরকারের এ ইনষ্টিটিউটে প্রাপ্ত সেবা ও সুবিধা সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করাসহ নিজস্ব 'ওয়েবসাইট' প্রণয়ন ও চালু এবং বহুল প্রচারের (বাংলা ও ইংরেজিতে লিফলেট প্রণয়ন , বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার ইত্যাদি) ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেক্টরভিত্তিক স্টেকহোল্ডারদের সমন্বয়ে সেমিনার সিম্পোজিয়াম আয়োজনের মাধ্যমে স্ব স্ব সেক্টরের জন্য প্রযোজ্য সেবার ব্যবহার এবং নতুন নতুন সেবার সৃষ্টি ও উন্নয়নের জন্য করণীয় নির্ধারণ করতে হবে;

১৬.৭ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটে গবেষণাগারটি থেকে গবেষণার সর্বোচ্চ ফলাফল (output) পাওয়ার জন্য প্রয়োজনীয় জনবল ও রিসার্চ সুবিধাদি বিদ্যমান রাখতে হবে। দক্ষতার উৎকর্ষ সাধন ও ধারাবাহিকতা রক্ষার নিমিত্ত জনবলকে ট্রেনিং প্রদান করতে হবে। প্রশিক্ষিত জনবল যেন উক্ত ইনস্টিটিউটে কর্মরত থাকে তা নিশ্চিত করতে হবে।

১৬.৮ ১৬ বছর ৬ মাস মেয়াদে প্রকল্পটি সমাপ্ত হয়েছে। ১২ বছর ৬মাস অতিক্রান্ত সময়কাল। নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্ত না হলে Time over run ও Cost over run বৃদ্ধি পায়, যা দুর্বল প্রকল্প ব্যবস্থাপনার পরিচায়ক । এ প্রকল্প দীর্ঘায়িত হওয়ার কারণসমূহ অনুসন্ধান করতে হবে এবং ভবিষ্যতে গৃহীতব্য প্রকল্পে এ প্রকল্পের শিক্ষাকে কাজে লাগাতে হবে।ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় যথাযথভাবে Log Frame, CPM/PERT, Gant chart এবং WBS যথাযথভাবে প্রণয়ন করে ডিপিপি প্রস্তুতপূর্বক প্রকল্প গ্রহণ করলে ঝুকি মোকাবেলা ও প্রকল্প বাস্তবায়ন সহজতর হবে।

১৬.৯ পরিবেশগত বিষয়সমূহ, পরিবেশ বিপর্যয় ও জলবায়ু পরিবর্তনের কারণ ও ক্ষেত্র নির্ণয় এবং গবেষণালব্ধ জ্ঞান ব্যবহার করে সামুদ্রিক সম্পদ আহরণ করা ও উক্ত সম্পদ দেশের আর্থসামাজিক উন্নয়নে এই ইনস্টিটিউটের কার্যকরী ব্যবহার নিশ্চিত করতে হবে।

১৬.১০ উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৬.১ হতে ১৬.৯) অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।